# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় : হজের মূল পর্ব

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

রাত্রি যাপনের ক্ষেত্রে যেসব ভুল-ত্রুটি হয়ে থাকে

১. অহেতুক আলাপচারিতার মাধ্যমে সময় নষ্ট করা। কখনো এ আলাপচারিতা গীবত, শ্রুতিকটুতা এমনকি অশ্লীলতা পর্যন্ত গড়ায়। অথচ মিনার দিনগুলো কেবল আল্লাহ তা‘আলার যিকরের দিন।

২. যাদের পক্ষে মিনাতে তাবু স্থাপন করার সুযোগ হয়নি, তাদের মধ্যে কেউ কেউ মিনার কোন রাস্তায় বসে পড়েন। আবার মধ্যরাত হলেই তারা নিজেদের ঠিকানাতে ফিরে আসেন। কখনো কখনো তাদের এধরনের কাজ তার নিজের জন্য অথবা তার পরিবার ও সন্তানের জন্য কষ্টের কারণ হয়ে দাঁড়ায়। এধরনের কাজ শর‘ঈ নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। কেননা এর ফলে নিজের কষ্ট হয় আবার অপরদেরকেও কষ্ট দেয়া হয়।

৩. কোন কোন হাজী সাহেব তাওয়াফে ইফাযার জন্য মক্কায় গিয়ে আর রাতে ফিরে আসার চেষ্টা করেন না। নিঃসন্দেহে এটি নিয়ম বিরুদ্ধ কাজ।

৪. কোন কোন হাজী সাহেব তাওয়াফ ও সা‘ঈ শেষ করার পর মিনা অভিমুখে রওয়ানা হন; কিন্তু রাতে অত্যধিক গাড়ির চাপের কারণে যথাসময়ে মিনা আসতে সক্ষম হন না। এমতাবস্থায় তাদের করণীয় হলো, মক্কা থেকে মিনায় গাড়িতে আসার চেষ্টা বাদ দিয়ে পায়ে চলা পথে আসা। আর যদি দুর্বলতা হেতু অথবা সঙ্গী-সাথিদের সমস্যার কারণে তা করা সম্ভব না হয়, তাহলে রাত্রি যাপনের নিয়ত যেন থাকে। তারপরও যদি আসতে সক্ষম না হন, তবে ‘আল্লাহ কাউকে তার সাধ্যের বাইরে কষ্ট দেন না’।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7432

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন